দৈনিক ইত্তেফাক

তারিখ ...AUG. 03 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫.....

27

## শিক্ষামন্ত্রীর নিকট শিক্ষক সমিতির ৫ দফা দাবীর স্মারকলিপি পেশ

গত রবিবার অধ্যক্ষ মোঃ কামরুজ্জামানের নেতৃত্বে বাংলাদেশ শিক্ষক সমিতির ২০ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষামন্ত্রী এ এস, এইচ কে, সাদেকের সহিত আলোচনায় মিলিত হন এবং আগামী ৩১শে আগষ্টের মধ্যে ৫ দফা দাবী পূরণের আহ্বান জানাইয়া

( ৫ম পৃঃ দ্রঃ )

## শিক্ষা মন্ত্রীর নিকট

( ৩য় পৃঃ পর)

শিক্ষামন্ত্রীর হাতে একটি স্মারকলিপি হস্তান্তর করেন। শিক্ষামন্ত্রী অত্যন্ত ধৈর্য ও সহানুভূতির সহিত প্রায় ২ ঘন্টা প্রতিনিধিদের বক্তব্য শোনেন। বেসরকারী শিক্ষকদের বেতনের সরকারী অংশ একশত ভাগে উন্নীত করার দাবী তুলিয়া ধরিয়া প্রতিনিধিরা বলেন যে, যেহেতু যথাযথ সরকারী নিয়োগবিধি মোতাবেক যোগ্যতা দক্ষতা যাচাইয়ের মাধ্যমে শিক্ষকরা নিযুক্ত হন সেইহেতু আবার যোগ্যতা-দক্ষতা যাচাইয়ের প্রশ্ন না তুলিয়া সকল শিক্ষককেই যেনো একশত ভাগ বেতনের সুবিধা দেওয়া হয়। শিক্ষামন্ত্রী দাবীসমূহ বিবেচনার আশ্বাস দেন এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সমিতির অবদান ও সহযোগিতা কামনা করেন। প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে ছিলেন হেনা দাস, চৌধুরী খুরশীদ আলম, মোমতাজ উদ্দিন, আবদুল গফুর, সন্তোষ মুখার্জী, ইসহাক আলী, জয়নাল আবেদীন, মিয়া মতিয়ার রহমান, গোলাম রব্বানী আবু বকর সিদ্দিক, এম, এ, আওয়াল সিদ্দিকী, আলাউদ্দিন ভুঁইয়া, রঞ্জিত সাহা, কে, এম, আবুল হাসান, সুনীল চক্রবর্তী, আবদুল হালিন প্রমুখ কেন্দ্রীয় নেতা।

—প্রেস বিজ্ঞপ্তি